

২০২০

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০

সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :  $২ \times ১০ = ২০$ 

ক) ‘অন্ধকারের ভাবনা কেনে হয় রে!

অন্ধকারেই পরাণপাখি সেই দ্যাশেতে যায় রে!’

— ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসের কোন্ পর্বে এই ছড়াটি রয়েছে? কে ছড়া কেটেছে?

খ) ‘হাঁসুলী বাঁকের উপকথা’ উপন্যাসটি প্রথম কবে, কোথায় প্রকাশিত হয়েছিল?

গ) ‘আবার নতুন বাঁশের বেড়া উঠবে’— কার উক্তি? কোথায় রয়েছে?

ঘ) ‘তবে যে বললে, ছিস্টি ছিল না তখন। চন্দ না, সূর্য্য না, পিথিমী না, মানুষ না, পশু না, পক্ষী না’-

— কার উক্তি? কোথায় রয়েছে?

ঙ) নিম্ন তেলে পানু কার নাম? এই নামকরণের কারণ কি?

চ) ‘ঘিয়ে ভাজা তপ্ত লুচি, দু চারি আদার কুচি।

কচুরি তাহাতে খান দুই—’

— এই বর্ণনাটি কোথায় রয়েছে? কোন্ নাটকের, প্রসঙ্গ ধরে কে এটি বলেছে?

ছ) ‘ওহে ব্রজাঙ্গনা কি কর কৌতুক

আমার সৃষ্টি করা চতুর্মুখ ...’

— কার লেখা? কে গেয়েছেন?

জ) মোল্লাহাটি নীলকুঠির বড় সাহেবের নাম কি? ‘শ্যামচাঁদ’ বলতে কি বোঝানো হতো?

ঝ) ‘ইচ্ছামতি’ উপন্যাসটি বিভূতিভূষণ কাকে উৎসর্গ করেন? এটি কত সালে রবীন্দ্র পুরস্কারে সম্মানিত হয়?

ঞ) “দু’কাঠা চালের ভাত, দু’হাড়ি কলাইয়ের ডাল, আঠারো গণ্ডা নারকেলের নাড়ু, এক খোরা অম্বল আর দু’ঘটি জল খেয়ে সে ভোজনপর্ব সমাধা করলে।”

— কার কথা বলা হয়েছে? তার আসল নাম কি?

ট) ‘মায়া মৃদঙ্গ’ উপন্যাসটি লেখক কাদের উৎসর্গ করেন? এর প্রথম প্রকাশকাল বলো।

ঠ) 'এখনও বড় মায়ায় আক্রান্ত হই। ওরা আমাকে রেহাই দেয় না এখনও।'

— কার কথা? কোথায় বলেছেন?

ড) 'চালান' কি? কোন্ লোকনাটে এর ব্যবহার হয়?

ঢ) 'হেথায় ... বাদশা ফকির সবায় সমান

হিন্দুরা শ্মশান বলে, মুসলমানে গোরস্থান।'

— কে গিয়েছেন? কোন্ আসরে এটি গাওয়া হয়েছে?

ণ) 'এ ভব্যতা তার স্বভাবসিদ্ধ।'

— কার কথা কি প্রসঙ্গে বলা হয়েছে?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :  $8 \times 5 = 20$

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে সঙ্গীতের প্রয়োগ কতটা সার্থক হয়েছে সে বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

খ) কথক চরিত্ররূপে সুচাঁদ চরিত্রটির মূল্যায়ন করো।

গ) 'ইছামতী' উপন্যাসের ভাষাশৈলী বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো।

ঘ) 'তিলু শান্ত পল্লী বালিকা, ওর চোখে যৌবনাচঞ্চল কটাক্ষ নেই।'

— এই উক্তির আলোকে তিলু চরিত্রটি আলোচনা করো।

ঙ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে 'আলকাপ' প্রসঙ্গে লেখকের অভিমত বিশ্লেষণ করে দেখাও।

চ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে সনাতন চরিত্রের সার্থকতা বিচার করো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :  $10 \times 2 = 20$

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে বনওয়ারী ও করালীর দ্বন্দ্ব আসলে দুটো সময়ের মধ্যকার টানা পোড়েন দেখায়।— আলোচনা করো।

খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের গঠনশৈলী আলোচনা করো।

গ) একটি গতিশীল প্রাণের প্রতীকরূপে ইছামতী নদী 'ইছামতী' উপন্যাসে কিভাবে ব্যবহৃত হয়েছে তা দেখাও।

ঘ) 'এ এক অদ্ভুত জগতের কথকতা। এক মায়ার জগৎ।'  
— 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে 'অদ্ভুত জগতের কথকতা' কিভাবে শিল্পময় হয়ে উঠেছে বলো।